

# যুগান্তর

## শিক্ষামন্ত্রীর 'চোখে অপারেশন': রাবির সমাবর্তন স্থগিত

প্রকাশ : ১৪ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের চোখের অপারেশনের কারণে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দশম সমাবর্তন স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সোমবার সকালে 'বিশ্ববিদ্যালয় দশম সমাবর্তন কমিটি'র জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সমাবর্তন অনুষ্ঠানের ঠিক ১০ দিন আগে তৃতীয় দফায় এ স্থগিতের ঘোষণা এল। এর আগে ২০১৬ সালের ২৪ ডিসেম্বর ও ২০১৭ সালের জানুয়ারি মাসে সম্ভাব্য দুটি তারিখ নির্ধারণ করেও সমাবর্তন করতে পারেনি রাবি কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এম আবদুস সোবহান যুগান্তরকে বলেন, 'সোমবার শিক্ষামন্ত্রী টেলিফোনে আমাকে উনার অসুস্থতার কথা জানান। মন্ত্রী চোখে বুধবার (আজ) জরুরি অপারেশন করাবেন। ফলে দশম সমাবর্তন কমিটির সিদ্ধান্তে এ সমাবর্তন স্থগিত করা হয়েছে। পরে রাষ্ট্রপতির সঙ্গে কথা বলে এ সমাবর্তনের তারিখ নির্ধারণ করা হবে।' রাষ্ট্রপতি ও রাবির চ্যান্সেলর মো. আবদুল হামিদের প্রতিনিধি হয়ে শিক্ষামন্ত্রীর সমাবর্তনে সভাপতিত্ব করার কথা ছিল বলে জানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।